তারিখ ৩/৮/২০০১
পৃষ্ঠা ১২ কলাম ৭

বেসরকারি শিক্ষক-কর্মচারী

# মে মাসের সরকারি অংশের বেতন-ভাতা ১৪ আগস্টের মধ্যে তুলতে হবে

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের স্কুল, কলেজ ও মাদ্রাসা এবং কারিগরী বেসরকারি এসএসসি (ভোকেশনাল) ও এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) শিক্ষক-কর্মচারীদের মে মাসের বেতন-ভাতার সরকারি অংশের বিভাগভিত্তিক এমপিও ১ আগস্ট জনতা, অগ্রণী, রূপালী, সোনালী ব্যাংক কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করা হয়েছে। আগামী ১৪ আগস্টের মধ্যে সংশ্লিষ্ট শাখা ব্যাংক থেকে শিক্ষক-কর্মচারীদের ব্যক্তিগত ব্যাংক অ্যাকাউন্ট নম্বরের মাধ্যমে উত্তোলন করার জন্য অনুরোধ করা হয়েছে।

কোনো সঙ্গত কারণে যেসব শিক্ষা প্রতিষ্ঠান বা শিক্ষক-কর্মচারী চলতি ২০০০-২০০১ অর্থবছরের বকেয়া টাকা নির্ধারিত সময়ের মধ্যে উত্তোলন করতে পারেননি, তারাও উক্ত সময়ের মধ্যে দাবিকৃত টাকা উত্তোলন করতে পারবেন। তথ্য বিবরণী।